# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ শুরু




ছবি: সংগৃহীত

দেশব্যাপী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে সাতটা থেকে ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করছেন। একই সময়ে জুলাই জাতীয় সনদের সংবিধান–সংক্রান্ত সংস্কার প্রস্তাব বাস্তবায়নে গণভোটও চলছে।

নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, ৩০০ আসনের মধ্যে ২৯৯টিতে ভোট হচ্ছে। প্রার্থীর মৃত্যুতে শেরপুর–৩ আসনের নির্বাচন স্থগিত রয়েছে। এবার নির্বাচনে অংশ নিয়েছে ৫০টি রাজনৈতিক দল। মোট প্রার্থী ২ হাজার ২৮ জন—এর মধ্যে ১ হাজার ৭৫৫ জন দলীয় এবং ২৭৩ জন স্বতন্ত্র। নারী প্রার্থী ৮৩ জন (দলীয় ৬৩, স্বতন্ত্র ২০) এবং পুরুষ প্রার্থী ১ হাজার ৯৪৬ জন।

সারা দেশে মোট ভোটার ১২ কোটি ৭৭ লাখ ১১ হাজার ৭৯৩ জন। এর মধ্যে পুরুষ ৬ কোটি ৪৮ লাখ ২৫ হাজার ৩৬১, নারী ৬ কোটি ২৮ লাখ ৮৫ হাজার ২০০ এবং হিজড়া ভোটার ১ হাজার ২৩২ জন।

LENS ASIA

নির্বাচন পরিচালনায় ৬৯ জন রিটার্নিং কর্মকর্তা ও ৫৯৮ জন সহকারী রিটার্নিং কর্মকর্তা দায়িত্ব পালন করছেন। ভোটগ্রহণ হচ্ছে ৪২ হাজার ৭৭৯টি কেন্দ্রে; এর মধ্যে ২১ হাজার ৫০৬টি কেন্দ্রকে গুরুত্বপূর্ণ হিসেবে চিহ্নিত করা হয়েছে।

ভোট পরিচালনায় নিয়োজিত রয়েছেন ৭ লাখ ৮৫ হাজার ২২৫ জন কর্মকর্তা। আইনশৃঙ্খলা নিশ্চিতে মাঠে আছেন সেনাবাহিনী, পুলিশ, র‍্যাবসহ অন্যান্য বাহিনীর সদস্যরা।